

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শাখা: কারিগরি-১
www.tmed.gov.bd

নং ৫৭.০০.০০০০.০৫১.১১.০০৭.২০১৮- ২২৮

তারিখ: ১১ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের নিয়োগ সুপারিশের পরিপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের (সিলেট, ময়মনসিংহ ও ফরিদপুর) শূন্যপদে তার নামের পাশে বর্ণিত পদ ও জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী নির্ধারিত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ করা হলোঃ

ক্রঃ নং	নাম, পিতার নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	পদের নাম	বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)
০১	জনাব নুসরাত জাহান পিতা- মোঃ আবু বকর সিদ্দিক মাতা- রুহেনা সিদ্দিকা	ফুটি, বাড়ী ও সড়ক নম্বরঃ খুজার গাঁও গ্রামঃ খুজার গাঁও, ডাকঃ মীরপুর বাজার থানা/উপজেলাঃ বাহুবল জেলাঃ হবিগঞ্জ	প্রভাষক (নন-টেক) পদার্থ	টাকা ২২,০০০-৫৩,০৬০/- (৯ম গ্রেড)


শর্তাবলী :

- নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে ;
- নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে ০২ (দুই) বছরকাল শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি কর্তৃপক্ষের বিবেচনায় চাকরিতে বহাল থাকার অনুপযোগী হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ বর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে তাকে চাকরিতে স্থায়ী করা হবে;
- নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে চাকরিতে যোগদানকালে একজন উপযুক্ত জামানতদারসহ ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন। তাছাড়া বন্ডে নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না কিংবা দিবেন না মর্মে উল্লেখ করতে হবে ;
- সরকারের পাওনা পরিশোধ ব্যতিরেকে চাকরিতে ইস্তফা প্রদানের ক্ষেত্রে পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে সমুদয় পাওনা আদায়যোগ্য হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঞ্জীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;
- উল্লিখিত শর্তাবলি বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রেও প্রযোজ্য হবে;
- চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না ;
- এ প্রজ্ঞাপনে সূনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন, আদেশ, ইত্যাদি দ্বারা নিয়ন্ত্রিত হবে;

০২। বর্ণিত শর্তাবলি গ্রহণযোগ্য বিবেচিত হলে তাকে আগামী ১৭ এপ্রিল ২০১৯ খ্রি. তারিখ রোজ বুধবার মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা- ১২০৭ বরাবর যোগদান করতে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে অসমর্থ হলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে বিবেচিত হবে। এ ক্ষেত্রে তার নিয়োগপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ আব্দুর রহিম)

উপসচিব (কারিগরি-১)

ফোনঃ ৯৫৮৪৬৬৬৬

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ৭। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ৮। অধ্যক্ষ, সিলেট/ময়মনসিংহ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- ১১। প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১২। জনাব
- ১৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা